শিক্ষাবর্ষ ২০২৪

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা | ৬ষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সূচিপত্র


**সূচিপত্র** 2

**ভূমিকা** 1

ক) শিখনকালীন মূল্যায়ন 2

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন 2

গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ 3

ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা 3

**পরিশিষ্ট ২** 6

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট 6

**পরিশিষ্ট ৩** 15

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক 15

**পরিশিষ্ট ৪** 17

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট 17

**পরিশিষ্ট ৫** 19

আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI) 19

# ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

২০২২ সাল থেকে শুরু হওয়া নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ার আপনাকে সহায়তা দেয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেয়া আছে। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

**যে বিষয়গুলি মনে রাখতে হবে,**

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে তার পারদর্শিতার ভিত্তিতে শিক্ষক মূল্যায়নের উপাত্ত সংগ্রহ করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

# ২০২৪ সালে ষষ্ঠ শ্রেণির শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (ষষ্ঠ শ্রেণির বৌদ্ধধর্ম বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে।

## ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✔ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন, এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করবেন। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।
- ✔ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যে সকল শিখন কার্যক্রম দেখে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলোর তথ্যপ্রমাণ (শিক্ষার্থীর কাজের প্রতিবেদন, অনুশীলন বইয়ের লেখা, পোস্টার, লিফলেট, ছবি ইত্যাদি) শিক্ষাবর্ষের শেষদিন পর্যন্ত সংরক্ষণ করবেন।
- ✔ এখানে উল্লেখ্য যে, শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর অংশগ্রহণ, সম্পৃক্ততা ও সার্বিক আচরণগত দিক মূল্যায়ন করার জন্য তাদের আচরণগত সূচক (BI) এর মাত্রা নির্ধারণ করা হবে। এই সূচক ব্যবহার করে মূল্যায়নের পদ্ধতি পরবর্তীতে শিক্ষকদের জানিয়ে দেয়া হবে।

## খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✔ ২০২৩ সালের জুন মাসের শেষ সপ্তাহে বৌদ্ধধর্ম বিষয়ের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও ডিসেম্বর মাসের তৃতীয় সপ্তাহে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বৌদ্ধধর্ম বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✔ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।

- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রেরণ করা হবে।

## গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ বৌদ্ধধর্ম বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

## ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোন কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন—নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোন শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোন শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোন শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরণের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

## পরিশিষ্ট

### শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| একক যোগ্যতা | PI ক্রম | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা<br>**প্রযোজ্য ক্ষেত্রে টিক ব্যবহৃত হবে (এ্যাপসে চিহ্নের নির্দেশনা দেয়া থাকবে)** | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ৯৩.০৬.০১ বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ জেনে, উপলব্ধি করে ধর্মীয় জ্ঞান আহরণে আগ্রহী হতে পারা | ১ | ৯৩.০৬.০১.০১ | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ অনুধাবন/উপলব্ধি করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় বিষয়সমূহ জানে। | প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহের প্রভাব সম্পর্কে সচেতন। | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ দৈনন্দিন জীবনে প্রয়োগ সম্পর্কে সচেতন। |
| | ২ | ৯৩.০৬.০১.০২ | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় সম্পর্কে জ্ঞান আহরণে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে নির্দিষ্ট স্বীকৃত তথ্যসূত্র সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে স্বীকৃত তথ্যসূত্র ব্যবহারে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে একের অধিক স্বীকৃত তথ্যসূত্র ব্যবহার করার উপায় সম্পর্কে আগ্রহ প্রকাশ করছে। |
| ৯৩.০৬.০২ বৌদ্ধ ধর্মের বিধি-বিধান অনুধাবন ও উপলব্ধি করে তা অনুসরণ এবং নিজ জীবনে চর্চা করতে পারা | ৩ | ৯৩.০৬.০২.০১ | বৌদ্ধ ধর্মের বিধি-বিধান অনুধাবন ও উপলব্ধি করছে। | বৌদ্ধ ধর্মের বিধি-বিধান সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের বিধিবিধান অনুসরণের প্রভাব সম্পর্কে সচেতন। | দৈনন্দিন জীবনে বৌদ্ধ ধর্মের বিধি-বিধান চর্চার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন। |
| | ৪ | ৯৩.০৬.০২.০২ | বৌদ্ধ ধর্মের বিধি-বিধান অনুসরণ ও চর্চা করছে। | নির্দেশনা অনুযায়ি বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | পারিবারিক/সামাজিক পরিবেশে বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | যেকোনো পরিবেশে স্বঃপ্রণোদিত হয়ে বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান চর্চা করছে। |
| ৯৩.০৬.০৩ ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনের মাধ্যমে নিজ | ৫ | ৯৩.০৬.০৩.০১ | নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। | নির্দেশনা অনুযায়ি নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে কাজ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রেক্ষাপট ও পরিবেশে সৃষ্টির প্রতি সযত্ন ও দায়িত্বশীল আচরণ করতে পারা এবং সকলের সাথে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা | ৬ | ৯৩.০৬.০৩.০২ | নৈতিক ও মানবিক গুণাবলি নিজ জীবনে/প্রেক্ষাপটে প্রয়োগ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে দৈনন্দিন প্রেক্ষাপটে নৈতিক ও মানবিক গুণাবলি প্রয়োগ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| | ৭ | ৯৩.০৬.০৩.০৩ | নিজস্ব প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে স্রষ্টার সৃষ্টির প্রতি সদয় আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে স্রষ্টার সৃষ্টির প্রতি যত্নশীল আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে স্রষ্টার সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। |
| | ৮ | ৯৩.০৬.০৩.০৪ | সকলের সংগে সহাবস্থান চর্চা করছে। | শিখন পরিবেশে সকলের সংগে মিলেমিশে থাকার উদ্যোগ আছে। | দৈনন্দিন প্রেক্ষাপটে বৈচিত্র্যকে গ্রহণ/সম্মাণ করছে। | বিভিন্ন প্রেক্ষাপটে সকলের সংগে মিলেমিশে থাকা চর্চা করছে। |

# পরিশিষ্ট ২

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

ষষ্ঠ শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। একটা বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, **শিক্ষার্থী বৌদ্ধধর্ম বিষয়ভিত্তিক জ্ঞান কতটা মুখস্থ করতে পারছে, শিক্ষক কখনই তার ভিত্তিতে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রা নির্ধারণে করবেন না। বরং যেসব পারদর্শিতার সূচকের ক্ষেত্রে বিষয়ভিত্তিক জ্ঞান প্রাসঙ্গিক, সেখানে পাঠ্যবই বা অন্য যেকোনো নির্ভরযোগ্য রিসোর্স থেকে তথ্য নিয়ে কীভাবে সেই তথ্য ব্যবহার করছে তার ওপর শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা নির্ভর করবে।**

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীর কোন কাজ দেখে শিক্ষক তার অর্জিত পারদর্শিতার মাত্রা নিরূপণ করবেন তা সংশ্লিষ্ট পারদর্শিতার মাত্রার নিচে দেয়া আছে; এবং কোন প্রমাণকের ভিত্তিতে এই ইনপুট দেবেন তাও ছকের ডান পাশে উল্লেখ করা আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ১<br>অভিজ্ঞতার শিরোনাম : বৌদ্ধধর্মের মৌলিক বিষয় পরিচিতি</td><td colspan="2">শ্রেণি : ৬ষ্ঠ</td><td>বিষয় : বৌদ্ধধর্ম</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার নির্দেশকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td>৯৩.০৬.০১.০১<br>বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ অনুধাবন/উপলব্ধি করছে।</td><td>বৌদ্ধধর্মের মৌলিক বিষয় জেনে প্রকাশ করছে।</td><td>বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় বিষয়সমূহ জানে।</td><td>প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহের প্রভাব সম্পর্কে সচেতন।</td><td>অংশগ্রহণমূলক কাজ ১, ২, ৩, ৪, ৬, ৭</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | পাঠ্যবইয়ের অংশগ্রহণমূলক কাজ ১ ও ২ সঠিকভাবে করার মাধ্যমে বৌদ্ধধর্মের মূল ধর্মগ্রন্থ ত্রিপিটকের অর্থ ও পরিচিতি এবং বিভিন্ন বৈশিষ্ট্য চিহ্নিত করছে ও তা জেনে শিখন পরিবেশে প্রকাশ করছে। | পাঠ্যবইয়ের অংশগ্রহণমূলক কাজ ৩ ও ৪ সঠিকভাবে করার মাধ্যমে বৌদ্ধধর্মের মৌলিক বিষয়ে জ্ঞান যেমন পিটকের ভাগসমূহ জেনে বিভিন্ন পিটক শনাক্ত করে জ্ঞান চর্চার উপায়সমূহ বিশ্লেষণ করছে। | পাঠ্যবইয়ের অংশগ্রহণমূলক কাজ ৬ ও ৭ সঠিকভাবে করার মাধ্যমে বৌদ্ধধর্মের মৌলিক বিষয়ে জ্ঞান যেমন ত্রিপিটক এর তাৎপর্য এর বিভিন্ন বৈশিষ্ট্য, পাঠের উপকারিতা চিহ্নিত করছে জেনে লিখে/ অন্য যেকোনো উপায়ে যেকোনো প্রেক্ষাপটে দৈনন্দিন জীবনে প্রয়োগের উপায় বিশ্লেষণ এবং ধর্মের মৌলিক বিষয়সমূহের প্রভাব সম্পর্কে সচেতনতা প্রকাশ করছে। | |
| ৯৩.০৬.০১.০২<br><br>বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় সম্পর্কে জ্ঞান আহরণে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে নির্দিষ্ট স্বীকৃত তথ্যসূত্র সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে স্বীকৃত তথ্যসূত্র ব্যবহারে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে একের অধিক স্বীকৃত তথ্যসূত্র ব্যবহার করার উপায় সম্পর্কে আগ্রহ প্রকাশ করছে। | অংশগ্রহণমূলক কাজ ১৩, ১৪, ১৬ |
| | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | পাঠ্যবইয়ের অংশগ্রহণমূলক কাজ ৮ সঠিকভাবে করার মাধ্যমে বৌদ্ধধর্মের মৌলিক উৎসব সংশ্লিষ্ট গৌতম বুদ্ধের জীবন সংশ্লিষ্ট কাহিনি সম্পর্কিত তথ্যসমূহ পাঠ্যপুস্তক থেকে জানার আগ্রহ প্রকাশ করছে। | পাঠ্যবইয়ের অংশগ্রহণমূলক কাজ ১০ ও ১২ সঠিকভাবে করার মাধ্যমে ত্রিপিটকের পরিচয় ও গুরুত্ব মৌলিক বিষয় ও আচার-অনুষ্ঠানাদি যেমন- পূর্ণিমা, দান, শীল, চতুরার্য সত্য ত্রিপিটক ও মৌলিক বিষয় সংশ্লিষ্ট গৌতম বুদ্ধের জীবন সংশ্লিষ্ট কাহিনি সম্পর্কিত তথ্যসমূহ পাঠ্যপুস্তক ও আরো অন্যান্য উৎস থেকে জানার আগ্রহ প্রকাশ করছে। | ত্রিপিটকের পরিচয় ও গুরুত্ব মৌলিক বিষয় ও আচার-অনুষ্ঠানাদি যেমন- পূর্ণিমা, দান, শীল, চতুরার্য সত্য ত্রিপিটক ও মৌলিক বিষয় সংশ্লিষ্ট গৌতম বুদ্ধের জীবন সংশ্লিষ্ট কাহিনি সম্পর্কিত তথ্যসমূহ পাঠ্যপুস্তক ও আরো অন্যান্য উৎস তথ্য সংগ্রহ করে তুলনামূলক বিশ্লেষণ করার মাধ্যমে তা | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পাঠ্যবইয়ের অংশগ্রহণমূলক কাজ ১৬ তে দেয়াল পত্রিকায় প্রতিস্থাপন করে প্রদর্শন করছৎ এবং কাজ ১৭ তে অভিজ্ঞতাভিত্তিক শিখন কার্যক্রম সঠিকভাবে করছে। | |

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ২<br>অভিজ্ঞতার শিরোনাম : নিজ কর্মপরিকল্পনা/ শীল পালন</td><td colspan="2">শ্রেণি : ৬ষ্ঠ</td><td>বিষয় : বৌদ্ধধর্ম</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td>৯৩.০৬.০২.০১<br>বৌদ্ধধর্মের বিধি বিধানসমূহ অনুধাবন ও উপলব্ধি করছে।</td><td>বৌদ্ধ ধর্মের বিধি-বিধান সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে।</td><td>প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের বিধিবিধান অনুসরণের প্রভাব সম্পর্কে সচেতন।</td><td>দৈনন্দিন জীবনে বৌদ্ধ ধর্মের বিধি-বিধান চর্চার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন।</td><td rowspan="3">অংশগ্রহণমূলক কাজ ১৮,১৯,২০,২২,২৩, ২৮</td></tr>
<tr><td></td><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ১৮ করার মাধ্যমে বৌদ্ধধর্মের বিধি বিধানসমূহের প্রধান উপাদান শীল পরিচিতি ও নানা রকমের শীল চর্চার ধরণ প্রকাশ করার মাধ্যমে ধর্মীয় আচার-অনুষ্ঠান, বিধি-অনুশাসনসমূহ পর্যবেক্ষণ করে তালিকা প্রস্তুত করছে ও ধর্মের বিধি-বিধান সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে।</td><td>পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ১৯ ও ২০ করার মাধ্যমেশীল কী, গৃহীদের পঞ্চশীল গ্রহন ও পালনের বিধানসমূহ অনুধাবন ও উপলব্ধি করে চর্চার উপায় প্রকাশ করছে। পারিবারিক পরিবেশে শীল পালনের অভিজ্ঞতা বর্ননা করতে পারছে। প্রাত্যহিক জীবনে শীলপালন চর্চার উপায় ও অনুসরণের প্রভাব সম্পর্কে সচেতনপ্রকাশ করছে।</td><td>পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ২২, ২৮ সঠিকভাবে করার মাধ্যমে শীল পালনের নীতি ও প্রয়োজনীয়তা অনুধাবন করে নিজ কর্মপরিকল্পনায় শীল পালন চর্চা দৈনন্দিন জীবনে ধর্মের বিধি-বিধান চর্চার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা প্রকাশ করছে।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| ৯৩.০৬.০২.০২<br><br>বৌদ্ধধর্মের বিধি বিধান অনুসরণ ও চর্চা করছে। | নির্দেশনা অনুযায়ি বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | পারিবারিক/সামাজিক পরিবেশে বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | যেকোনো পরিবেশে স্বঃপ্রণোদিত হয়ে বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান চর্চা করছে। | অংশগ্রহণমূলক কাজ ২৪,২৫,২৬ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ২২ সঠিকভাবে করার মাধ্যমে শীল গ্রহণের নিয়ম জেনে শীল প্রার্থনা ও শীল পালন ব্যাক্তিগত/শিখন পরিবেশে অনুসরণ ও চর্চা করেছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ২১ করার মাধ্যমে শীল পালনের বিধি-বিধানগুলো অনুসরণ ও চর্চার মাধ্যমে ব্যক্তিজীবন ও সামাজিক জীবনে কী পরিবর্তন নিয়ে আসে তার ক্ষেত্রগুলো বর্ননা করে অনুসরণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ২৫ ও ২৬ সঠিকভাবে করার মাধ্যমে ধর্মীয় কাজের চর্চা ও শীল পালনের ফলে যে মানবিক গুণাবলি ও নৈতিক গুণাবলির বিকাশ হয় সেসব অনুসরণ করে স্বঃপ্রণোদিত হয়ে চর্চা ও প্রয়োগের জন্য কর্মপরিকল্পনা তৈরি করছে শীল গ্রহণের বিধি-বিধানগুলো স্বপ্রণদিত হয়ে শিখন পরিবেশে এবং শিখন পরিবেশের বাইরে চর্চা করেছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
| **অভিজ্ঞতা নং : ৩**<br>**অভিজ্ঞতার শিরোনাম :** প্রতিফলনমূলক লিখন/দান | | **শ্রেণি : ৬ষ্ঠ** | | **বিষয় :** বৌদ্ধধর্ম |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯৩.০৬.০২.০১ বৌদ্ধ ধর্মের বিধি-বিধান অনুধাবন ও উপলব্ধি করছে। | বৌদ্ধ ধর্মের বিধি-বিধান সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের বিধিবিধান অনুসরণের প্রভাব সম্পর্কে সচেতন। | দৈনন্দিন জীবনে বৌদ্ধ ধর্মের বিধি-বিধান চর্চার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন। | অংশগ্রহণমূলক কাজ ২৯, ৩১, ৩২, ৩৪ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ২৯ সঠিকভাবে করার মাধ্যমে দান কী, দানের প্রকারভেদ, দানের বৈশিষ্ট্য অনুধাবন করে সচেতনতা প্রদর্শণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৩১ করার মাধ্যমে দানের কাহিনি ও দাতার প্রকারভেদ গুলো অনুধাবন ও উপলব্ধি করে কিভাবে দান করলে মহাফল লাভ হয় সেই কাহিনি জেনে দানের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সগুলো চিহ্নিত করে প্রাত্যহিক জীবনে দানশীলতা অনুসরণের প্রভাব সম্পর্কে সচেতনতা প্রকাশ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৩২ ও ৩৪ সঠিকভাবে করার মাধ্যমে দানের বিধিবিধান এবং দাতার বৈশিষ্ট্যগুলো জেনে দৈনন্দিন জীবনে চর্চার ক্ষেত্র বিধি-বিধান চর্চার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | |
| ৯৩.০৬.০২.০২ বৌদ্ধধর্মের বিধি বিধান অনুসরণ ও চর্চা করছে। | নির্দেশনা অনুযায়ি বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | পারিবারিক/সামাজিক পরিবেশে বৌদ্ধধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | যেকোনো পরিবেশে স্বঃপ্রণোদিত হয়ে বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান চর্চা করছে। | অংশগ্রহণমূলক কাজ ২৮,৩০,৩৭ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ২৮ করার মাধ্যমে দানের বিধি-বিধানগুলো জেনে দাতার প্রকারভেদ প্রকাশ করে ব্যক্তিজীবনে দানশীলতা অনুসরণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৩০ করার মাধ্যমে বৌদ্ধধর্মের দানের বিধিবিধান ও পারিবারিক/সামাজিক পরিবেশে দানের মাহাত্ম্য উদাহরণের মাধ্যমে প্রকাশ করে পারিবারিক/সামাজিক পরিবেশে অনুসরণ করেছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৩৭ সঠিকভাবে করার মাধ্যমে স্বঃপ্রণোদিত হয়ে বৌদ্ধধর্মের দানের বিধি বিধানগুলো পরিস্থিতি বিবেচনায় যেকোনো পরিবেশে চর্চা করছে। | |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৪**<br>**অভিজ্ঞতার শিরোনাম :** কর্মমুখী গবেষণা | **শ্রেণি : ৬ষ্ঠ** | **বিষয় :** বৌদ্ধধর্ম |

| পারদর্শিতার সুচক (PI) | পারদর্শিতার সুচকের মাত্রা | | | যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন |
|---|---|---|---|---|
| | □ | ○ | △ | |
| ৯৩.০৬.০১.০১<br>বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ অনুধাবন/উপলব্ধি করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ জানে। | প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহের প্রভাব সম্পর্কে সচেতন। | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ দৈনন্দিন জীবনে প্রয়োগ সম্পর্কে সচেতন। | অংশগ্রহণমূলক কাজ ৩৯, ৪১, ৪২ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৩৯ করার মাধ্যমে বৌদ্ধধর্মের মৌলিক বিষয় চতুরার্য সত্য সম্পর্কে জেনে প্রকাশ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৪১ করার মাধ্যমে চতুরার্য সত্য এর বিভিন্ন বৈশিষ্ট্য চিহ্নিত করছে ও তা জেনে জ্ঞান চর্চার উপায়সমূহ বিশ্লেষণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৪২ করার মাধ্যমে<br>চতুরার্য সত্য এর বিভিন্ন বৈশিষ্ট্য, পাঠের প্রয়োজনীয়তা চিহ্নিত করে দৈনন্দিন জীবনে প্রয়োগের উপায় বিশ্লেষণ করছে। | |
| ৯৩.০৬.০১.০২<br>বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় সম্পর্কে জ্ঞান আহরণে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে নির্দিষ্ট স্বীকৃত তথ্যসূত্র সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে স্বীকৃত তথ্যসূত্র ব্যবহারে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে একের অধিক স্বীকৃত তথ্যসূত্র ব্যবহার করার উপায় সম্পর্কে আগ্রহ প্রকাশ করছে। | অংশগ্রহণমূলক কাজ ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৫০ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৪৪ ও ৪৫ করার মাধ্যমে ধর্মীয় জ্ঞান আহরণে নির্দিষ্ট স্বীকৃত তথ্যসূত্র থেকে আর্য অষ্টাঙ্গিক মার্গ সম্পর্কে জানার আগ্রহ ও সচেতনতা প্রদর্শণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৪৬ ও ৪৭ করার মাধ্যমে দুঃখ বিষয়ে একটি গবেষণা পরিকল্পনা করে ধর্মীয় জ্ঞান আহরণে বিভিন্ন তথ্যসূত্র থেকে জানার আগ্রহ প্রকাশ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৪৮, ৪৯, ৫০ কাজ সঠিকভাবে করার মাধ্যমে বিভিন্ন তথ্যসূত্র থেকে চতুরার্য সত্য সম্পর্কে গবেষণা তুলনামূলক বিশ্লেষণ করে ধর্মীয় জ্ঞান আহরণে আগ্রহ প্রকাশ করছে। | অংশগ্রহণমূলক কাজ ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৫০ |

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক

| | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৫**<br>**অভিজ্ঞতার শিরোনাম :** গল্প বলা | **শ্রেণি : ৬ষ্ঠ** | **বিষয় :** বৌদ্ধধর্ম |

| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** □ | ○ | △ | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
|---|---|---|---|---|
| ৯৩.০৬.০৩.০১<br>নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। | নির্দেশনা অনুযায়ি নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে কাজ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। | অংশগ্রহণমূলক কাজ<br>৫২, ৫৩, ৫৪, ৫৬, ৫৭ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৫২ করার মাধ্যমে শিক্ষার্থী চরিতমালা কাহিনীর সীবলী থেরর বৈশিষ্ট্য জেনে নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে কাজ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ থেকে অন্তত একটি কাজ সঠিকভাবে ৫৩, ৫৪ করার মাধ্যমে শিক্ষার্থী চরিতমালা কাহিনীর মানবিক গুণাবলি উপলব্ধি করে চর্চার ক্ষেত্রগুলো চিহ্নিত করে প্রদর্শনের চেষ্টা করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৫৬, ৫৭ থেকে অন্তত একটি কাজ সঠিকভাবে করার মাধ্যমে শিক্ষার্থী চরিতমালা কাহিনীর মানবিক গুণাবলি সম্পূর্ণ চিহ্নিত করে দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। | |
| ৯৩.০৬.০৩.০৪<br>সকলের সংগে সহাবস্থান চর্চা করছে। | দৈনন্দিন প্রেক্ষাপটে বৈচিত্র্যকে গ্রহণ/সম্মাণ করছে। | বিভিন্ন প্রেক্ষাপটে সকলের সংগে মিলেমিশে থাকা চর্চা করছে। | বিভিন্ন প্রেক্ষাপটে সকলের সংগে মিলেমিশে থাকা চর্চা করছে। | অংশগ্রহণমূলক কাজ<br>৫৯, ৬০, ৬১ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৫৯ করার মাধ্যমে জাতক পাঠের মাধ্যমে দৈনন্দিন প্রেক্ষাপটে বৈচিত্র্যকে গ্রহণ/সম্মাণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৬০ করার মাধ্যমে শিখন পরিবেশে অর্পিত দলগত কাজের ক্ষেত্রে দলের সকল সদস্যের অংশগ্রহণ নিশ্চিত করছে / দায়িত্ব বণ্টন করছে বিভিন্ন প্রেক্ষাপটে সকলের সংগে মিলেমিশে থাকা চর্চা করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৬১ করার মাধ্যমে শিখন পরিবেশে অর্পিত নিজ ও দলগত কাজ ও দায়িত্ব সঠিকভাবে পালন করছে। মানবিক গুণাবলি সম্পূর্ণ চিহ্নিত করে বিভিন্ন প্রেক্ষাপটে সকলের সংগে মিলেমিশে থাকা চর্চা করছে। | |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৬**<br>**অভিজ্ঞতার শিরোনাম :** তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান ভ্রমণ ও সংরক্ষণ কর্মসূচি | **শ্রেণি : ৬ষ্ঠ** | **বিষয় :** বৌদ্ধধর্ম |

| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
|---|---|---|---|---|
| | □ | ○ | △ | |
| ৯৩.০৬.০৩.০৩ নিজস্ব প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি সদয় আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি যত্নশীল আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। | অংশগ্রহণমূলক কাজ<br>৬৬, ৬৭, ৭০ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৬৬ করার মাধ্যমে তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান সংরক্ষণে কি কি করা যেতে পারে তা সনাক্ত করে নৈতিক ও মানবিক গুণাবলির জ্ঞান অর্জন করার মাধ্যমে সৃষ্টির প্রতি সদয় আচরণ প্রকাশ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৬৭ করার মাধ্যমে তীর্থস্থান ও ঐতিহাসিক সংরক্ষণের প্রয়োজনীয়তা সনাক্ত ও ব্যাখ্যা করার মাধ্যমে নৈতিক ও মানবিক গুণাবলির ক্ষেত্রগুলো চিহ্নিত করে সৃষ্টির প্রতি যত্নশীল আচরণ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৭০ করার মাধ্যমে তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান সংরক্ষণের জন্য বিভিন্ন কর্মসূচির আয়োজনের জন্য একাধিক পরিকল্পনা করছে এবং তা থেকে একটি বাস্তবায়নযোগ্য প্রস্তাবনা বাছাই করে নৈতিক ও মানবিক গুণাবলি প্রয়োগের উপায় প্রকাশ করার মাধ্যমে নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। | |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৭**<br>**অভিজ্ঞতার শিরোনাম :** সহবস্থান: সকলে আমরা সকলের তরে | | **শ্রেণি : ৬ষ্ঠ** | **বিষয় :** বৌদ্ধধর্ম | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ৯৩.০৬.০৩.০২<br>নৈতিক ও মানবিক গুণাবলি নিজ জীবনে/প্রেক্ষাপটে প্রয়োগ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে দৈনন্দিন প্রেক্ষাপটে নৈতিক ও মানবিক গুণাবলি প্রয়োগ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। | অংশগ্রহণমূলক কাজ<br>৭২, ৭৩, ৭৪ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | শিক্ষার্থী শ্রেণি শিক্ষকের নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণমূলক কাজ ৭২ করার মাধ্যমে এক সাথে থাকার গুরুত্বের মূল্যবোধ উপলব্ধি করে প্রযোজ্য ক্ষেত্রে দৈনন্দিন প্রেক্ষাপটে নৈতিক ও মানবিক গুণাবলি প্রয়োগ করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৭৩ করার মাধ্যমে শিক্ষার্থী সহপাঠি, বন্ধু, শিক্ষক, শিখন পরিবেশের বিভিন্ন সদস্যদের বিভিন্ন কাজে সাহায্য করার মাধ্যমে নৈতিক ও মানবিক গুণাবলির ক্ষেত্রগুলো চিহ্নিত করে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | পাঠ্যপুস্তকের অংশগ্রহণমূলক কাজ ৭৪ করার মাধ্যমে শিক্ষার্থী  শিখন পরিবেশে এবং শিখন পরিবেশের বাইরে স্বপ্রণদিত হয়ে বিভিন্ন সদস্যদের বিভিন্ন কাজে সাহায্য করার মাধ্যমে নৈতিক ও মানবিক গুণাবলি প্রয়োগের উপায় বিশ্লেষণ ও নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। | |

# পরিশিষ্ট ৩

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের জন্য ফাঁকা ছক পরের পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন।

**উদাহরণ:**

**'প্রতিফলনমূলক লিখন'** শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে তিনটি পারদর্শিতার সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৭.২.১, ৭.২.২ (চর্চা), ৭.২.২ (প্রতিফলনমূলক লিখন) (পরিশিষ্ট-২ দেখুন)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | | | | | শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক |
| অভিজ্ঞতা নং : | শ্রেণিঃ | ষষ্ঠ | বিষয় | বৌদ্ধধর্ম | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| অভিজ্ঞতার শিরোনাম : | **প্রতিফলনমূলক লিখন** | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ৭.২.১, | ৭.২.২ (চর্চা) | ৭.২.২ (প্রতিফলনমূলক লিখন) | | | | |
| ০১ | সব্যসাচী চাকমা | ☐●△ | ☐○▲ | ☐●△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| ০২ | জ্যোতির্ময় বড়ুয়া | ☐●△ | ☐●△ | ■○△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| ০৩ | সুনীতি বড়ুয়া | ☐○▲ | ☐○▲ | ☐●△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| ০৪ | অসীম রায় | ■○△ | ☐●△ | ☐●△ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| ০৫ | সুকুমার বড়ুয়া | ☐○▲ | ☐●△ | ☐○▲ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |
| ০৬ | আনুচিং মগিনি | ☐○▲ | ☐●△ | ☐○▲ | ☐○△ | ☐○△ | ☐○△ | ☐○△ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | | | তারিখ: | |
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | | বিষয় : | বৌদ্ধধর্ম | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | | | | | |
| | | প্রযোজ্য PI নং | | | |
| রোল নং | নাম | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ |

# পরিশিষ্ট ৪

## ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | | |
|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | | | | |
| শিক্ষার্থীর নাম : | | | | |
| শিক্ষার্থীর আইডি : | শ্রেণি : ষষ্ঠ | বিষয় : বৌদ্ধধর্ম | শিক্ষকের নাম : | |

| পারদর্শিতার সুচকের মাত্রা | | | |
|---|---|---|---|
| **পারদর্শিতার সুচক** | **শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা** | | |
| ৬.১.১ বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহ অনুধাবন/উপলব্ধি করছে। | □ | ○ | △ |
| | বৌদ্ধধর্মের মৌলিক বিষয় জেনে প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় বিষয়সমূহ জানে। | প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয়সমূহের প্রভাব সম্পর্কে সচেতন। |
| ৬.১.২ বৌদ্ধ ধর্মের মৌলিক বিষয় সম্পর্কে জ্ঞান আহরণে আগ্রহ প্রকাশ করছে। | □ | ○ | △ |
| | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে নির্দিষ্ট স্বীকৃত তথ্যসূত্র সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে স্বীকৃত তথ্যসূত্র ব্যবহারে আগ্রহ প্রকাশ করছে। | বৌদ্ধ ধর্মের মৌলিক জ্ঞান আহরণে একের অধিক স্বীকৃত তথ্যসূত্র ব্যবহার করার উপায় সম্পর্কে আগ্রহ প্রকাশ করছে। |
| ৬.২.১ বৌদ্ধধর্মের বিধি বিধানসমূহ অনুধাবন ও উপলব্ধি করছে। | □ | ○ | △ |
| | বৌদ্ধ ধর্মের বিধি-বিধান সম্পর্কে সচেতনতা প্রদর্শণ করছে। | প্রাত্যহিক জীবনে বৌদ্ধ ধর্মের বিধিবিধান অনুসরণের প্রভাব সম্পর্কে সচেতন। | দৈনন্দিন জীবনে বৌদ্ধ ধর্মের বিধি-বিধান চর্চার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন। |
| ৬.২.২ বৌদ্ধধর্মের বিধি বিধান অনুসরণ ও চর্চা করছে। | □ | ○ | △ |
| | নির্দেশনা অনুযায়ি বৌদ্ধ | পারিবারিক/সামাজিক পরিবেশে | যেকোনো পরিবেশে স্বঃপ্রণোদিত হয়ে |

| | | | |
|---|---|---|---|
| | ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান অনুসরণ করছে। | বৌদ্ধ ধর্মের নির্দিষ্ট বিধি-বিধান চর্চা করছে। |
| ৬.৩.১ নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। | □ | ○ | △ |
| | নির্দেশনা অনুযায়ি নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে কাজ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। |
| ৬.৩.১ নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। | □ | ○ | △ |
| | নির্দেশনা অনুযায়ি নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে কাজ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। |
| ৬.৩.২ নৈতিক ও মানবিক গুণাবলি নিজ জীবনে/প্রেক্ষাপটে প্রয়োগ করছে। | □ | ○ | △ |
| | প্রযোজ্য ক্ষেত্রে দৈনন্দিন প্রেক্ষাপটে নৈতিক ও মানবিক গুণাবলি প্রয়োগ করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | প্রযোজ্য ক্ষেত্রে নিজ জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| ৬.৩.৩ নিজস্ব প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। | □ | ○ | △ |
| | নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি সদয় আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি যত্নশীল আচরণ করছে। | নিজ প্রেক্ষাপটে সৃষ্টির প্রতি দায়িত্বশীল আচরণ করছে। |
| ৬.৩.৪ সকলের সংগে সহাবস্থান চর্চা করছে। | □ | ○ | △ |
| | শিখন পরিবেশে সকলের সংগে মিলেমিশে থাকার উদ্যোগ আছে। | দৈনন্দিন প্রেক্ষাপটে বৈচিত্র্যকে গ্রহণ/সম্মাণ করছে। | বিভিন্ন প্রেক্ষাপটে সকলের সংগে মিলেমিশে থাকা চর্চা করছে। |

# পরিশিষ্ট ৫

## আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক নির্দেশকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশক অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে।

| আচরণিক নির্দেশক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে |

| | | | |
|---|---|---|---|
| | | রয়েছে | নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ